গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

ব্যবস্থাপনা পরিচালক, আশুগঞ্জ পাওয়ার স্টেশন কোম্পানী লিঃ

এবং

সচিব, বিদ্যুৎ বিভাগ, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০১৮ – জুন ৩০, ২০১৯

# সূচিপত্র

আশুগঞ্জ পাওয়ার স্টেশন কোম্পানী লিঃ এর কর্মসম্পাদনের সার্বিক চিত্র

উপক্রমণিকা

সেকশন ১: আশুগঞ্জ পাওয়ার স্টেশন কোম্পানী লিঃ এর রূপকল্প, অভিলক্ষ্য, কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং প্রধান কার্যাবলি

সেকশন ২: বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব

সেকশন ৩ : কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

সংযোজনী ১: শব্দসংক্ষেপ

সংযোজনী ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী কার্যালয়সমূহ এবং পরিমাপ পদ্ধতি

সংযোজনী ৩: কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে মাঠ পর্যায়ের অন্যান্য কার্যালয়ের নিকট সুনির্দিষ্ট চাহিদা

# আশুগঞ্জ পাওয়ার স্টেশন কোম্পানী লিমিটেড এর কর্মসম্পাদনের সার্বিক চিত্র
# (Overview of the Performance of Ashuganj Power Station Company Limited)

## সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা

**সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ (২০১৫-১৬, ২০১৬-১৭, ২০১৭-১৮) :**

**১. রূপকল্প,** ২০২১ এর আলোকে সারাদেশে নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহের মাধ্যমে বৈদেশিক বিনিয়োগ আকর্ষন ও দেশকে বাণিজ্যিক হাবে রূপান্তর ও টেকসই উন্নয়ন অভীষ্ট (SDG) অর্জনের লক্ষ্যে এপিএসসিএল অনেকগুলো বিদ্যুৎ কেন্দ্র নির্মাণ প্রকল্প গ্রহণ করেছে। সরকারী পৃষ্ঠপোষকতা ও বিদ্যুৎ বিভাগের সর্বাত্মক সহযোগিতায় বিগত দুই অর্থবছরে এপিএসসিএল তিনটি বৃহৎ বিদ্যুৎ কেন্দ্র নির্মাণ প্রকল্প বাস্তবায়ন করেছে ও ছয়টি প্রকল্প বাস্তবায়নে অনেকদুর অগ্রসর হয়েছে।

ক) আশুগঞ্জ ২২৫ মেগাওয়াট কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র নির্মাণ প্রকল্পঃ
Euler HERMES, K-Sure এর ECA অর্থায়নে ১৭ ফেব্রুয়ারী, ২০১৩খ্রিঃ-এ উক্ত প্রকল্পের নির্মাণ কাজ শুরু হয়। প্রকল্পটির ওপেন সাইকেল ও কম্বাইন্ড সাইকেল নির্মাণ কাজ যথাক্রমে ১৮ ও ২৫ মাসে সম্পন্ন হয়। বিদ্যুৎ কেন্দ্রটি গত ২৭ এপ্রিল, ২০১৫ খ্রিঃ তারিখে ওপেন সাইকেল মুডে এবং ১০ ডিসেম্বর, ২০১৫ খ্রিঃ তারিখে কম্বাইন্ড সাইকেল মুডে বাণিজ্যিক উৎপাদন (COD) শুরু করে। বর্তমানে বিদ্যুৎ কেন্দ্রটি জাতীয় গ্রীডের চাহিদানুযায়ী (FGMO) পূর্ণ ক্ষমতায় বিদ্যুৎ সরবরাহ করছে।

খ) আশুগঞ্জ ৪৫০ মেগাওয়াট কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র (সাউথ) নির্মাণ প্রকল্পঃ
MIGA, HERMES(Germany), ONDD(Belgium), CESCE(Spain) এর অর্থায়নে (ECA) মার্চ, ২০১৩ মাসে এ কম্বাইন্ড সাইকেল(সিঙ্গেল শ্যাফট) পাওয়ার প্ল্যান্ট প্রকল্পের নির্মাণ কাজ শুরু হয়। বিদ্যুৎ কেন্দ্রটি ২২ জুলাই, ২০১৬ প্রকল্পের বাণিজ্যিক উৎপাদন (COD) শুরু করে। বর্তমানে বিদ্যুৎ কেন্দ্রটি বর্তমানে বিদ্যুৎ কেন্দ্রটি জাতীয় গ্রীডের চাহিদানুযায়ী (FGMO) পূর্ণ ক্ষমতায় বিদ্যুৎ সরবরাহ করছে।

গ) আশুগঞ্জ ৪৫০ মেগাওয়াট কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র (নর্থ) নির্মাণ প্রকল্পঃ
ADB(47%), IDB(41%), GOB(10%), APSCL(2%) এর অর্থায়নে ২ এপ্রিল , ২০১৪ এ প্রকল্পের নির্মাণ কাজ শুরু হয়। বিদ্যুৎ কেন্দ্রটি ১৪ ফেব্রুয়ারী, ২০১৭ তারিখ সিম্পল সাইকেলে এবং ১১জুন,২০১৭ খ্রিঃ তারিখে কম্বাইন্ড সাইকেলে বাণিজ্যিক উৎপাদন (COD) শুরু করে। বর্তমানে বিদ্যুৎ কেন্দ্রটি জাতীয় গ্রীডের চাহিদানুযায়ী (FGMO) পূর্ণ ক্ষমতায় বিদ্যুৎ সরবরাহ করছে।

(ঘ) আশুগঞ্জ ৪০০ মেগাওয়াট সিসিপিপি (ইস্ট) নির্মাণ প্রকল্পঃ
আন্তর্জাতিক প্রতিযোগিতার মাধ্যমে ইপিসি কন্ট্রাক্টর নিয়োগের নিমিত্ত ০৯ মে ২০১৬ তারিখে দরপত্র বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়। প্রজেক্ট ইমপ্লিমেন্টেশন কনসালটেন্সি সার্ভিস এর জন্য গত ২৯ মার্চ ২০১৭ ইং তারিখে Pöyry Switzerland Ltd., Switzerland in association with Atlanta Associates Limited, Bangladesh এর সাথে চুক্তি স্বাক্ষর হয়েছে। গত ২২ ফেব্রুয়ারি ২০১৮ খ্রিঃ তারিখে সর্বনিম্ন রেসপনসিভ দরপত্রদাতা CNTIC-CCOEC Consortium এর অনুকূলে NOA ইস্যু করা হয়। গত ২০ মার্চ ২০১৮ খ্রিঃ তারিখে CNTIC-CCOEC Consortium এর সাথে EPC Contract স্বাক্ষরিত হয়। গত ১৭ এপ্রিল ২০১৮ খ্রিঃ তারিখে ইপিসি ঠিকাদারকে Site Handover করা হয় এবং ১৮ এপ্রিল ২০১৮ খ্রিঃ তারিখে ইপিসি ঠিকাদারকে ড্রাফ্ট L/C Review এর জন্য পাঠানো হয়। উক্ত প্রকল্পের **সম্ভাব্য কমিশনিং** ২০২১ সালের এপ্রিল মাসে।

(ঙ) আশুগঞ্জ ১০০ মেগাওয়াট এইচ এফ ও পাওয়ার প্ল্যান্ট প্রকল্পঃ
সেচ মৌসুম এবং গ্রীষ্মে বিদ্যুৎ সঙ্কট মোকাবেলায় বিদ্যুৎ উৎপাদন ক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে এ প্রকল্প হাতে নেয়া হয়। Turn Key ভিত্তিতে প্রকল্পের EPC contractor নিয়োগের জন্য ২৩/১১/২০১৭ তারিখে আন্তর্জাতিক দরপত্র আহ্বান এবং ২২/০১/২০১৮ তারিখে প্রাপ্ত দরপত্র উন্মুক্ত করা হয়। ১৯/০৩/২০১৮ তারিখে এপিএসসিএল বোর্ড সভায় Technical Qualification রিপোর্ট অনুমোদন করা হয়। গত ২৫/০৩/২০১৮খ্রিঃ তারিখে টেকনিক্যালি রেস্পন্সিভ তিনটি প্রতিষ্ঠানের Financial Offer উন্মুক্ত করা হয় ও কম্বাইন্ড ইভালুয়েশন সম্পন্ন করা হয় । বর্তমানে বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের সংশ্লিষ্ট কার্যালয়ে প্রকল্পের লেভেলাইজড ট্যারিফ হিসাব করে Power Purchase Agreement (PPA) প্রস্তুত করার কাজ চলমান রয়েছে। Levelised Tariff নির্ধারণের পর চূড়ান্ত অনুমোদনের জন্য বোর্ড সভায় উপস্থাপন করা হবে। বর্ণিত প্রকল্পের **সম্ভাব্য কমিশনিং** ২০১৯ সালের এপ্রিল মাসে।

(চ) কিশোরগঞ্জ ১০০ মেগাওয়াট গ্রীড টাইড সোলার পার্ক প্রকল্পঃ
এ প্রকল্প সরকারের টেকসই উন্নয়ন অভীষ্ট (SDG) অর্জনের লক্ষ্যে নবায়নযোগ্য জ্বালানি (সৌরশক্তি) ভিত্তিক বিদ্যুৎ কেন্দ্র স্থাপনের জন্য এপিএসসিএল এর প্রথম উদ্যোগ । প্রকল্পটি বাস্তবায়নের জন্য বিদ্যুৎ জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রনালয়ের বিদ্যুৎ বিভাগ হতে ৩ অক্টোবর ২০১৭ ইং তারিখে ৪০০ একর জমি অধিগ্রহণের প্রশাসনিক অনুমোদন পাওয়া গেছে । Detailed Feasibility Study সহ Initial Environmental Examination (IEE), Environmental Impact Assessment (EIA) এবং Social Impact Assessment (SIA) এর জন্য পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগের জন্য বিগত ২৫/০২/২০১৮ তারিখে EOI আহ্বান করা হয় । EOI দাখিলকারী মোট ৯ (নয়) টি পরামর্শক প্রতিষ্ঠানের EOI মুল্যায়ন শেষে Shortlisted Candidate হিসেবে ৪ টি

পরামর্শক প্রতিষ্ঠানকে সুপারিশ করা হয়েছে যা প্রকিউরমেন্ট রিভিউ কমিটি (পিআরসি) সভায় উপস্থাপনের জন্য প্রক্রিয়াধীন আছে। উক্ত প্রকল্পের সম্ভাব্য কমিশনিং ২০২২ সালের ডিসেম্বর মাসে।

(ছ) পদ্মারচর ২০০ মেগাওয়াট সোলার পার্ক প্রকল্পঃ
এ প্রকল্প সরকারের টেকসই উন্নয়ন অভীষ্ট (SDG) অর্জনের লক্ষ্যে নবায়নযোগ্য জ্বালানি (সৌরশক্তি) ভিত্তিক বিদ্যুৎ কেন্দ্র স্থাপনের জন্য এপিএসসিএল এর দ্বিতীয় উদ্যোগ। **প্রকল্পের পূর্ণাঙ্গ ফিজিবিলিটি স্টাডি সম্পন্নের নিমিত্ত পাওয়ার সেলের তত্ত্বাবধায়নে এবং এপিএসসিএল ও আরপিসিএল এর যৌথ অর্থায়নে মেসার্স EQMS Consulting Ltd. এর সাথে গত ৩০/০৩/২০১৭ তারিখে চুক্তি স্বাক্ষরিত হয়েছে। পরামর্শক প্রতিষ্ঠান ইতোমধ্যে Feasibility Study সম্পন্ন করেছে যার Final Report মে/২০১৮ইং এর শেষ ভাগে পাওয়া যাবে বলে জানিয়েছেন প্রতিষ্ঠানটি। উক্ত প্রকল্পের সম্ভাব্য কমিশনিং তারিখ ডিসেম্বর ২০২২।**

(জ) পটুয়াখালী ১৩২০ মেগাওয়াট সুপার থার্মাল পাওয়ার প্ল্যান্ট প্রকল্পঃ
দেশের প্রাকৃতিক গ্যাসের মজুদ দিনদিন হ্রাস পাওয়ায় বিদ্যুৎ উৎপাদনে জ্বালানি বহুমুখীকরন ও প্রাথমিক বিকল্প জ্বালানি হিসাবে কয়লাকে নির্বাচনের নীতি অনুসরন করে এপিএসসিএল ১৩২০ মেগাওয়াট কয়লাভিত্তিক আল্ট্রা সুপার ক্রিটিক্যাল তাপবিদ্যুৎ কেন্দ্র নির্মাণ প্রকল্প বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করেছে। উক্ত প্রকল্প বা্াস্তবায়নের জন্য বিজাখস মন্ত্রনালয় ১০০০ একর ভূমির প্রসাসনিক অনুমোদন ১৮/১১/২০১৫ প্রদান করেন। সে অনুযায়ী ৯৩০ একর ভূমি অধিগ্রহনের প্রস্তাব ডিসি পটুয়াখালী অফিসে দাখিল করা হয়। ইতোমধ্যে ৫১৫ একর ভূমি অধিগ্রহনের চূড়ান্ত অনুমোদন পাওয়া গিয়েছে। অবশিষ্ট ৪১৫ একর ভূমি অধিগ্রহনের ৪ ধারা জারী করা হয়েছে।

প্রকল্পটি ইসিএ অর্থায়নে যৌথ উদ্যোগে বাস্তবায়নের নিমিত্ত আশুগঞ্জ পাওয়ার স্টেশন কোম্পানি লিমিটেড এবং চায়না এনার্জি ইঞ্জিনিয়ারিং কর্পোরেশন লিমিটেড এর মধ্যে MOU স্বাক্ষরিত হয়েছে। APSCL এবং Energy China এর মধ্যে JVC গঠনে নিমিত্ত JVA এর ড্রাফট কপি আন্তমন্ত্রণালয়ে veeting এর জন্য বিদ্যুৎ বিভাগে প্রেরণ করা হয়েছে। পরামর্শক প্রতিষ্ঠান ইতোমধ্যে Feasibility Study, IEE কাজ সম্পন্ন করেছে। পরিবেশ অধিদপ্তর হতে প্রাপ্ত অনুমোদিত Tor অনুযায়ী পরামর্শক প্রতিষ্ঠান কর্তৃক EIA রিপোর্ট তৈরির কাজ চলমান আছে। মুল প্রকল্পের সহায়ক প্রকল্প, 'পটুয়াখালী ১৩২০ মেগাওয়াট সুপার থার্মাল পাওয়ার প্লান্ট-এর জন্য ভূমি অধিগ্রহণ, ভূমি উন্নয়ন ও সংরক্ষণ প্রকল্প'-এর DPP একনেক সভায় ২৭/০২/২০১৮ তারিখে অনুমোদন হয়। বিজ্বাখস মন্ত্রণালয় গত ১৬/০৪/২০১৮ইং তারিখে উক্ত প্রকল্পের প্রশাসনিক অনুমোদন প্রদান করেন। মূল প্রকল্পের কাজ আগামী ২০২৩ সালের ডিসেম্বর মাসের মধ্যে সম্পন্ন হবে।

(ঝ) আশুগঞ্জ ৪০০ মেগাওয়াট ডুয়েল ফুয়েল বেসড কম্বাইন্ড সাইকেল পাওয়ার প্লান্ট
Detailed Feasibility Study, Initial Environmental Examination (IEE), Environmental Impact Assessment (EIA) & Social Impact Assessment (SIA) **কাজের Consultant নিয়োগের নিমিত্ত ০৫/০৬/২০১৭ তারিখে EOI আহ্বান করা হয়। EOI দাখিলকৃত মোট ১৫ টি পরামর্শক প্রতিষ্ঠানের EOI মুল্যায়ন শেষে** Shortlisted Candidate **হিসেবে ৬ টি পরামর্শক প্রতিষ্ঠানের নিকট ২২/১১/২০১৭ তারিখে RFP আহ্বান করা হয়। ৪ টি প্রতিষ্ঠান RFP দাখিল করে, যার কারিগরী মুল্যায়ন সম্পন্ন হয়েছে এবং তা PRC সভার উপস্থাপন করা হয়েছে। PRC সভার সুপারিশক্রমে এবং বিগত ১৬/০৪/২০১৮ইং তারিখের বোর্ড সভার সিদ্ধান্ত মোতাবেক ২৫/০৪/১৮ইং তারিখে নির্বাচিত ৩টি প্রতিষ্ঠানের আর্থিক প্রস্তাব উন্মুক্ত করা হয়েছে। অতিশীঘ্রই আর্থিক ও কারিগরী সম্মিলিত মূল্যায়ন সম্পাদন করা হবে। উক্ত প্রকল্পের সম্ভাব্য কমিশনিং তারিখ ডিসেম্বর ২০২৫।**

**(ঞ) নর্থ-বেঙ্গল ১৩২০ মেগাওয়াট সুপার থার্মাল পাওয়ার প্ল্যান্ট প্রকল্পঃ**
গনপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের পাওয়ার সিস্টেম মাষ্টার প্ল্যান ২০১৩ এবং সরকারের নির্দেশনা মোতাবেক দেশীয় ( দিনাজপুর জেলার ফুলবাড়ী উপজেলার দিঘীপাড়া কয়লা খনি ) কয়লা ব্যবহার করে যমুনা নদীর তীরবর্তী গাইবান্দা জেলায় সুবিধাজনক জায়গায় ১৩২০ মে: কয়লা ভিত্তিক আল্ট্রা সুপরি ক্রিটিক্যাল বিদ্যুৎ কেন্দ্র নির্মানের লক্ষে IEE এর Pre Feasibility Study এর জন্য পরামর্শক প্রতিষ্ঠান O&M Solution India Ltd, O&M Solution Bangladesh Ltd ও Adroid এর সাথে APSCL গত ২৪/০৪/২০১৮ইং চুক্তি সাক্ষর করে। উক্ত বিদ্যুৎ কেন্দ্রের সম্ভ্যাব্য কমিশনিং ডিসেম্বর ২০২৭ সাল।

<u>২.</u> রূপকল্প ২০২১ এর ২য় অভীষ্ট হচ্ছে দক্ষ, জবাবদিহিমূলক ও বিকেন্দ্রিকৃত শাসন ব্যবস্থা। এ অভীষ্ট অর্জনের নিমিত্ত সরকারী সংস্থাসমূহে ই-গভর্নেন্স এর ব্যাপক প্রবর্তনের ওপর গুরুত্ব আরোপ করা হয়েছে। তারই ধারাবাহিকতায় এপিএসসিএল ব্যবস্থাপনা সংস্থার এমআইএস ও আইসিটি শাখার মাধ্যমে নিম্নোক্ত ই-সেবা কার্যক্রম চালুর মাধ্যমে অভ্যন্তরীন ও আন্তঃসংস্থা তথ্য আদান প্রদান ব্যবস্থা উন্নয়ন, দাপ্তরিক যোগাযোগে দক্ষতা ও স্বচ্ছতা বৃদ্ধি এবং সর্বোপরি প্রচলিত সেবা সহজীকরণ করছে। গত ৩ বছরে সম্পাদিত কার্যক্রমের সংক্ষিপ্তসারঃ

ক) এপিএসসিএল এর আবাসিক এলাকায় বসবাসকারী সকল কর্মকর্তা/কর্মচারীদের জন্য Easy Utility Service (Civil) এবং বিশ্ববিদ্যালয়/কারিগরী শিক্ষা প্রতিষ্ঠানসমূহের ছাত্র/ছাত্রীদের ইন্ডাস্ট্রিয়াল অ্যাটাচমেন্ট ও শিক্ষা সফরের জন্য অনলাইনে আবেদনের জন্য Online Application form for PPTC নামে দুটি অনলাইন সেবা চালু করা হয়েছে।

খ) দাপ্তরিক যোগাযোগ ত্বরান্বিতকরণ, ই-ফাইলে নথি নিস্পত্তি ও ই-জিপি ব্যবহারের মাধ্যমে সরকারী অর্থে ক্রয় স্বচ্ছতা ও গতিশীলতা আনয়নের জন্য আশুগঞ্জ বিদ্যুৎ কেন্দ্রের ইন্টারনেট স্পীড ২০Mbps থেকে ১০০Mbps এবং ঢাকাস্থ কর্পোরেট অফিসের ইন্টারনেট স্পীড ৫Mbps থেকে ৫০Mbps-এ উন্নীত করা হয়েছে।

গ) আশুগঞ্জ পাওয়ার স্টেশন কোম্পানী লিঃ এ ব্যবহৃত স্টোর ম্যানেজমেন্ট সিস্টেম -কে ওয়েব বেইজড সিস্টেমে আপগ্রেড করা হয়েছে। ফলে, আশুগঞ্জ এর মূল বিদ্যুৎ কেন্দ্রের সাথে সাথে ঢাকাস্থ কর্পোরেট অফিস, পটুয়াখালী ১৩২০ মেগাওয়াট কয়লা ভিত্তিক বিদ্যুৎ কেন্দ্রের প্রকল্প অফিস এবং ভবিষ্যতে বাস্তবায়িতব্য প্রকল্প অফিস সমূহ থেকে WAN এর মাধ্যমে উক্ত সফটওয়্যার ব্যবহার সম্ভব হবে।

ঘ) HRIS, OIMS ইত্যাদি প্রচলিত আইটি সেবা আশুগঞ্জ (এপিএসসিএল) কার্যালয়ের পাশাপাশি ঢাকাস্থ কর্পোরেট অফিসে ব্যবহারের সুযোগ সৃষ্টির নিমিত্ত VPN এর মাধ্যমে Connectivity দেয়া হয়েছে।

ঙ) ঢাকাস্থ কর্পোরেট অফিস এ একটি মাল্টিলাইন ভিডিও কনফারেন্সিং ক্যামেরা স্থাপনের মাধ্যমে আশুগঞ্জ (এপিএসসিএল) কার্যালয়সমূহের (প্রশাসনিক ভবন ও বাস্তবায়িত প্রকল্প) সাথে ভিডিও কনফারেন্সিং সুবিধা সৃষ্টি করা হয়েছে।

৩. বিদ্যুৎ উৎপাদন ব্যবস্থায় গুনগতমানের ক্রমোন্নয়ন, কর্মপরিবেশ উন্নয়ন ও পরিবেশ সুরক্ষার জন্য এপিএসসিএল ISO **গাইডলাইন অনুসরন করে** Intregrated Management System **প্রণয়ন করেছে এবং** ২০১৫ সালের ০৯ ডিসেম্বর তারিখে বুরো ভেরিটাস সার্টিফিকেশন হোল্ডিং SAS- যুক্তরাজ্য শাখা থেকে ISO 9001:2008, ISO 14001:2004 & BS OHSAS 18001:2007 সনদ অর্জন করেছে। পরবর্তীতে দুটি Surveilance Audit -এ কাঙ্খিত স্ট্যান্ডার্ড এর কোন বিচ্যুতি না পাওয়ায় অর্জিত সনদ বহাল আছে।

## সমস্যা এবং চ্যালেঞ্জসমূহঃ

**এপিএসসিএল ব্যবস্থাপনা বিদ্যমান পাওয়ার প্ল্যান্টগুলোর সুষ্ঠু পরিচালন ও রক্ষনাবেক্ষন, কাঙ্খিত রাজস্ব আয়, বিচক্ষন ক্রয় পরিকল্পনা প্রনয়ন ও বাস্তবায়ন, আসন্ন ও প্রকল্প ব্যবস্থাপনা ইত্যাদি সংক্রান্ত বিবিধ সমস্যাও চ্যালেঞ্জ এর মুখোমুখি হচ্ছে।**

ক) এপিএসসিএল এর অনকূলে ২৩০ এমএমসিএফডি গ্যাস বরাদ্দ থাকলেও নভেম্বর'২০১৭ হতে ১৮০ এমএমসিএফডি বেশী সরবরাহ পাওয়া যাচ্ছে না। ফলে, ১৮০ এমএমসিএফডি সরবরাহের মধ্যেই রেশনিং করে সকল প্ল্যান্ট চালাতে হয়। প্রাপ্যতা অনুযায়ী গ্যাস সরবরাহের জন্য বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পনী কর্তৃপক্ষকে অনুরোধ জানোনো হয়। এতদসত্ত্বেও গ্যাস সরবরাহ স্বাভাবিক হয়নি। ফলে, এনএলডিসি এর চাহিদা থাকা সত্ত্বেও কাঙ্খিত Load Dispatch করা যায় না।

খ) আশুগঞ্জ ২২৫ মেগাওয়াট, ৪৫০ মেগাওয়াট-সাউথ ও ৪৫০ মেগাওয়াট-নর্থ সিসিপিপি নির্মানে অজস্র ইকুইপম্যান্ট/ডিভাইস ব্যবহৃত হয়েছে। এসকল ইকুইপম্যান্ট/ডিভাইস প্রতিস্থাপনযোগ্য যন্ত্রাংশ (Spare Parts) সংখ্যায় অগনিত হওয়ায় প্রতিস্থাপনের সময় ও পরিমান পূর্বানুমান করে ক্রয়/সংগ্রহ প্রক্রিয়া সম্পাদন প্রকৃতপক্ষেই দুরুহ। ফলে, সময়মত খুচরা যন্ত্রাংশ (Spare Parts) ক্রয়/সংগ্রহ করতে না পেরে বিদ্যুৎ উৎপাদন ব্যাহত হওয়ার আশংকা রয়েছে।

গ) ১৩২ কেভি সার্কিটে (গ্রীড সিস্টেমে) নমিনাল ভোল্টেজ ১৩২ কেভির পরিবর্তে ১৪০/১৪২ কেভি বিরাজ করে। সিস্টেম ভোল্টেজ ১৩২ এর অনেক বেশী থাকায় রিঅ্যাক্টিভ পাওয়ার (MVAR) ডিসপাচ করা সম্ভব হয়না এবং পাওয়ার ফ্যাক্টর কাঙ্খিত মানে রাখা যায়না। ফলে, সেলস বিলে (ইনভয়েস) ২২৫ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল পাওয়ার প্ল্যান্ট ও গ্যাস ইঞ্জিন পাওয়ার প্ল্যান্ট, এনার্জি চার্জ (পিপিএ অনুযায়ী) কারকেশন হয়। অধিকন্তু, ১৩২ কেভি সার্কিটে (গ্রীড সিস্টেমে) নমিনাল ভোল্টেজ ও ফ্রিকোয়েন্সি না থাকার কারনে এনএলডিসি এর নির্দেশে গ্যাস ইঞ্জিন পাওয়ার প্ল্যান্ট ডিসপাস কমাতে হয়। ফলে, এভাইলেবিলিটি কমে ক্যাপাসিটি চার্জ ও এনার্জি চার্জ (পিপিএ অনুযায়ী) বাবদ রাজস্ব আয় হ্রাস পায়।

ঙ) আশুগঞ্জ ২৩০/১৩২/৩৩ কেভি উপকেন্দ্রের আন্তঃবাস (১৩২/২৩০কেভি) ট্রান্সফরমার সার্ভিসে নেই। ফলে, আশুগঞ্জ উপকেন্দ্র হতে বহির্গামী ১৩২ সার্কিটে লোড ডিমান্ড কমে গেলে ২২৫ মেগাওয়াট সিসিপিপি ও ৫০ মেগাওয়াট গ্যাস ইঞ্জিন পাওয়ার প্ল্যান্ট এর পাওয়ার ইভ্যাকুয়েশনেও সমস্যা হয়।

চ) এপিএসসিএলএর বর্তমানে চালু সকল প্ল্যান্ট প্রাকৃতিক গ্যাস ভিত্তিক। আসন্ন ও বাস্তবায়নাধীন প্রকল্পগুলোর বিপরীতে গ্যাস প্রাপ্তিতে অনিশ্চয়তার কারনে এপিএসসিএল নবায়নযোগ্য (সোলার), দ্বৈত জ্বালানী (গ্যাস ও এইচএসডি), তরল(এইচএফও) ও কয়লাভিত্তিক বিদ্যুৎ কেন্দ্র নির্মানের পদক্ষেপ নেয়া হচ্ছে। গ্যাসের ওপর নির্ভরশীলতা কমানো এবং জ্বালানি ব্যবহার বহুমুখীকরণের (ফুয়েল মিক্স) লক্ষ্যে গৃহীত এসব প্রকল্পগুলোর অগ্রগতি সন্তোষজনক। এতদসত্ত্বেও, কয়লা ভিত্তিক, তরল(এইচএফও) ও ডুয়েল ফুয়েল (গ্যাস ও এইচএসডি)বিদ্যুৎ কেন্দ্রসমূহ পরিচালনার জন্য কয়লা, এইচএফও ও এইচএসডি আমদানী,পরিবহণ, স্টোরেজ একটি চ্যালেঞ্জিং ইস্যু। বাস্তবায়নাধীন প্রকল্প সমূহের জন্য ভূমি অধিগ্রহণ, উন্নয়ন, সংরক্ষনও বড় চ্যালেঞ্জ।

**বর্ণিত সমস্যা ও চ্যালেঞ্জ মোকাবেলায় বিভিন্ন কৌশলগত উদ্যোগ ও সর্বাত্মক প্রচেষ্টা অব্যাহত আছে।** সরকারী পৃষ্ঠপোষকতা ও বিদ্যুৎ বিভাগের সর্বাঙ্গীন সহযোগিতায় এপিএসসিএল ব্যবস্থাপনা ধৈর্য্য ও সাহসীকতা নিয়ে এসব সমস্যা ও চ্যালেঞ্জ মোকাবেলায় আশাবাদী।

## ভবিষ্যৎ পরিকল্পনাঃ

ক) সরকারের রূপকল্প অনুযায়ী বিদ্যুৎ উৎপাদনের ক্ষমতা ২০২১ সালের মধ্যে ২৪,০০০ মেগাওয়াট এবং ২০৩০ সালের মধ্যে ৪০,০০০ মেগাওয়াট-এ উন্নীতকরন এবং টেকসই উন্নয়ন অভীষ্ট (SDG) অর্জনের লক্ষ্যে এপিএসসিএল বিদ্যুৎ উৎপাদন ক্ষমতা বৃদ্ধির পরিকল্পনা প্রণয়ন করেছে। পরিকল্পনা অনুযায়ী বিদ্যুৎকেন্দ্র নির্মান প্রকল্পগুলো পর্যায়ক্রমে বাস্তবায়ন করা হবে।

| ক্রমিক নং | প্রকল্পের নাম | সাইট | জ্বালানি | সম্ভাব্য কমিশনিং (অর্থ বছর) |
|---|---|---|---|---|
| ১. | আশুগঞ্জ ৪০০ মেগাওয়াট সিসিপিপি(ইস্ট) | আশুগঞ্জ | প্রাকৃতিক গ্যাস | ২০২০-২১ |
| ২. | পটুয়াখালী ২×৬৬০ মেঃওঃ সুপার থারমাল পাওয়ার প্ল্যান্ট (ফেজ-১) | পটুয়াখালী | কয়লা | ২০২৪-২৫ |
| ৩. | ১০০ মেঃওঃ গ্রীড টাইট সোলার পার্ক | কিশোরগঞ্জ | সূর্যালোক | ২০২২-২৩ |
| ৪. | ৪০০ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র-১ | আশুগঞ্জ | ডুয়েল ফুয়েল | ২০২৫-২৬ |
| ৫. | ২০০ মেঃওঃ সোলার পাওয়ার প্ল্যান্ট | পদ্মার চর | সূর্যালোক | ২০২২-২৩ |
| ৬. | নর্থ বেঙ্গল ২×৬৬০ মেঃওঃ সুপার থারমাল পাওয়ার প্ল্যান্ট | গাইবান্ধা | কয়লা | ২০২৫-২৬ |
| ৭. | আশুগঞ্জ ৪৫০ মেগাওয়াট সিসিপিপি-২ | আশুগঞ্জ | ডুয়েল ফুয়েল | ২০২৮-২৯ |
| ৮. | আশুগঞ্জ ৪০০ মেগাওয়াট সিসিপিপি-৩ | আশুগঞ্জ | ডুয়েল ফুয়েল | ২০২৯-৩০ |
| ৯. | পটুয়াখালী ২×৬৬০ মেঃওঃ সুপার থারমাল পাওয়ার প্ল্যান্ট (ফেজ-২) | পটুয়াখালী | কয়লা | ২০২৯-৩০ |

খ) পাওয়ার ইভাকুয়েশন সমস্যা নিরসনে ১৩২/২৩০ কেভি ইন্টারবাস ট্রান্সফরমার প্রতিস্থাপন/ ত্রুটি নিরসন ও প্রয়োজনীয় ক্যাপাসিটির রিঅ্যাক্টর স্থাপন। বিদ্যমান এয়ার ইনসুলেটেড উপকেন্দ্রকে জিআইএস সাবস্টেশন-এ রুপান্তর এবং ডিজিটাল ফল্ট ডিটেকশনও প্রটেকশন সিস্টেম স্থাপন।

গ) জ্বালানি বহুমুখীকরণ, জীবাস্ম জ্বালানির ব্যবহার হ্রাস ও নবায়নযোগ্য জ্বালানীর ব্যবহার বৃদ্ধি, স্রেডা প্রণীত এনার্জি ইফিসিয়েন্সি ও কনজারভেশন নীতিমালা বাস্তবায়ন এবং এনার্জি অডিটিং ব্যবস্থা প্রবর্তন।

ঘ) সর্বাধুনিক প্রযুক্তির বিদ্যুৎকেন্দ্রগুলোর সুষ্ঠু পরিচালন ও সংরক্ষনের জন্য মানব সম্পদের উন্নয়ন, সকল বিদ্যুৎউৎপাদনকারী সংস্থার জন্য একটি সুদক্ষ ও চৌকস রক্ষনাবেক্ষন দল (এপিএসসিএল মেইনটেন্যান্স টীম) গঠন ও দলের সদস্যগণের সক্ষমতা উন্নয়নের লক্ষ্যে উপযুক্ত প্রশিক্ষনের ব্যবস্থা গ্রহণ।

ঙ) ISO 9001:2015, ISO 14001:2015 & BS OHSAS 18001:2007 সনদ অর্জন ও ISO এর নির্দেশনা মোতাবেক পরবর্তীতে BS OHSAS 18001:2007এর পরিবর্তে ISO 45001:2015 সনদ অর্জন ।

চ) কার্যপদ্ধতি, কর্মপরিবেশ ও সেবার মানোন্নয়ন, আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন,জাতীয় শুদ্ধাচার কৌশল ও তথ্য অধিকার বাস্তবায়ন।

## ২০১৮-১৯ অর্থবছরের সম্ভাব্য প্রধান লক্ষ্যমাত্রাসমূহঃ

- চালু সকল প্ল্যান্ট এর কাঙ্খিত প্ল্যান্ট ফ্যাক্টর, অ্যাভাইলেবিলিটি ফ্যাক্টর, হিটরেট, অক্সিলারী ব্যবহার অর্জন।
- আশুগঞ্জ ১০০ মেগাওয়াট এইচ এফ ও পাওয়ার প্ল্যান্ট প্রকল্প বাস্তবায়ন ও কমিশনিং।
- কিশোরগঞ্জ ১০০ মেগাওয়াট গ্রীড টাইড সোলার পার্ক এর Detailed Feasibility Study সহ Initial Environmental Examination (IEE), Environmental Impact Assessment (EIA) এবং Social Impact Assessment (SIA) এবং প্রকল্পের জমি অধিগ্রহন সম্পন্ন করা।
- আশুগঞ্জ ৪০০ মেগাওয়াট সিসিপিপি (ইস্ট) প্রকল্পের Land Development এবং Basic Design সম্পন্ন করা।
- গাইবান্ধা জেলায় যমুনা তীরবর্তী উপযুক্ত স্থানে নর্থ বেঙ্গল ২×৬৬০ মেগাওয়াট সুপার থারমাল পাওয়ার প্ল্যান্ট এর পরামর্শক নিয়োগ ও Pre-Feasibility Study, IEE সম্পন্ন করা।
- আশুগঞ্জে ইউনিট-১,২ এর স্থানে ৪০০ মেগাওয়াট কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র (ডুয়েল ফুয়েল) এর Feasibility Study, IEE, EIA, SIA সম্পন্ন করা।
- পটুয়াখালী ২×৬৬০ মেগাওয়াট কয়লাভিত্তিক সুপার থারমাল পাওয়ার প্ল্যান্ট প্রকল্পের ভূমি অধিগ্রহন, উন্নয়ন ও সংরক্ষন প্রকল্প সম্পাদন।
- পদ্মার চর ২০০ মেগাওয়াট সোলার পার্ক প্রকল্পের Feasibility Study, IEE, EIA, SIA সম্পাদন করা। উক্ত Feasibility Study এর আলোকে উপযুক্ত স্থান বাছাই সম্পাদন করা।
- মানব সম্পদ উন্নয়নের লক্ষ্যে জনপ্রতি বার্ষিক ৬০ ঘণ্টা প্রশিক্ষণ প্রদান।

## উপক্রমণিকা (Preamble)

সরকারি দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহিতা জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০২১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

ব্যবস্থাপনা পরিচালক, আশুগঞ্জ পাওয়ার স্টেশন কোম্পানী লিমিটেড

এবং

সচিব, বিদ্যুৎ বিভাগ, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর মধ্যে ২০১৮ সালের জুন মাসের ১৮ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

## সেকশন ১

## রূপকল্প , অভিলক্ষ্য , কৌশলগত উদ্দেশ্যসমূহ, প্রধান কার্যাবলি

### ১.১ রূপকল্প :

দেশের সর্ববৃহৎ ও আদর্শ বিদ্যুৎ উৎপাদন সংস্থারূপে আত্মপ্রকাশের মাধ্যমে সরকারের ঘরে ঘরে বিদ্যুৎ পৌঁছে দেয়ার অঙ্গীকার বাস্তবায়নে অগ্রণী ভূমিকা পালন ।

### ১.২ অভিলক্ষ্য :

অবকাঠামো ও সম্পদের সুষ্ঠু ও ফলপ্রসূ ব্যবহারের মাধ্যমে ধারাবাহিক বিদ্যুৎ উৎপাদন ক্ষমতা বৃদ্ধি এবং গুনগতমান ও দক্ষতায় ক্রমাগত উৎকর্ষতা অর্জনের মাধ্যমে ক্রমবর্ধমান বিদ্যুৎ চাহিদা পূরন করে দেশের সমৃদ্ধিতে অবদান রাখা।

### ১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives):

১) বিদ্যুৎ উৎপাদন ব্যবস্থার উন্নয়ন।

২) প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি (আর্থিক)।

৩) প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধি।

### ১.৪ কার্যাবলি (Functions):

১) বিদ্যুৎ উৎপাদন ক্ষমতা বৃদ্ধি।

২) বিদ্যুৎ কেন্দ্রের দক্ষতা (Efficiency) বৃদ্ধি।

৩) প্রাতিষ্ঠানিক আর্থিক দক্ষতা বৃদ্ধি।

৪) প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধি (প্রকল্প বাস্তবায়ন সহ)।

৫) ক্রয় কার্যক্রমে স্বচ্ছতা আনয়ন।

# সেকশন ২

## সংস্থার বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact) | কর্মসম্পাদন সূচকসমূহ (Performance Indicators) | একক (Unit) | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা ২০১৮-১৯ | প্রক্ষেপণ (Projection) | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রনালয়/বিভাগ/সংস্থাসমূহের নাম | উপাত্তসমূহ (Source of Data) |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০১৬-১৭ | ২০১৭-১৮ এপ্রিল'১৮ পর্যন্ত | | ২০১৯-২০ | ২০২০-২১ | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| ১) বিদ্যুৎ কেন্দ্র স্থাপনের মাধ্যমে বিদ্যুৎ উৎপাদন বৃদ্ধি | নতুন ক্ষমতা সংযোজন | মেঃওঃ | ৭২০.২ | - | - | - | ৪০০ | | এপিএসসিএল এর ওয়েবসাইট, বার্ষিক প্রতিবেদন, মাসিক পরিচালন তথ্য(এমওডি) এবং বিদ্যুৎ বিভাগ ও পাওয়ার সেলে প্রেরিতব্য এপিএ এর বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন। |
| ২) মানব সম্পদ উন্নয়ন | গড় প্রশিক্ষন প্রদান | ঘণ্টা | ১০৩.৩৯ | ৭৭.৭২ | ৬০ | ৬০ | ৬০ | | |
| ৩) বিদ্যুৎ উৎপাদনব্যবস্থার গুণগত মান উন্নয়ন | Plant Factor | % | ৬৪.১৪ | ৬৪.২৬ | ৬৫ | ৬৫ | ৬৫ | | |
| | Availability Factor | % | ৮২.০২ | ৯০.৬৯ | ৭৮ | ৯০ | ৯০ | | |
| | Auxiliary Consumption | % | ৪.৬৭ | ৪.৪১ | ৪.৭৫ | ৪.৮ | ৪.৮ | | |
| | Heat Rate (Net) | KJ/KWH | ১০,৩৩৩ | ৯,১০০ | ৯,৫০০ | ৯,৭৫০ | ৯,৮০০ | | |
| | Implementation of Annual Development Program (Financial) | % | ৯০.৫৪ | ৬০.৪৬ | ১০০ | ১০০ | ১০০ | | |
| | Current Ratio | Ratio | ১.৫৯: ১ | ১.৫০:১ | ১.৫০:১ | ১.৫০:১ | ১.৫০:১ | | |
| | Quick Ratio | Ratio | ১.৩৯: ১ | ১.৩১:১ | ১.১০:১ | ১:১ | ১:১ | | |
| | Debt Service Coverage Ratio (DSCR) | Ratio | ১.২৭: ১ | ১.৩০:১ | ১.২৫:১ | ১.৩০:১ | ১.৩০:১ | | |
| | DSL Payment to the Government | Tk (in crore) | ২৪.৩৬ | ৬.৩২ | Current dues plus 10% of arear | Current dues plus 10% of arear | Current dues plus 10% of arear | | |
| | Percentage of Tender re-tender | % | ৩.১০ | ১.৮৯ | ৩.৩ | ৩.৩ | ৩.৩ | | |
| | e-GP tendering(All Local below 100 Crore) | % | - | ৯৬.৩০ | ৮০ | ৮০ | ৮০ | | |

সেকশন ৩:

## 9. APSCL : APA Target for the Year 2018-19

| Strategic Objectives | Functions | Performance Indicator | Unit | Weight (%) | 2016-17 | | 2017-18 | | 2018-19 | | | | | 2019-20 | 2020-21 |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | Target | Achievement | Target | Achievement | 100% | 90% | 80% | 70% | 60% | 100% | 100% |
| 1. Development of power generation | 1.1 Addition of Generation capacity | 1.1.1 New Capacity Addition | MW | 0 | 590 | 720.2 | 0 | - | **0** | | | | | 0 | 400 |
| | 1.2 Improvement of Power Plants efficiency | 1.2.1 Plant Factor | % | 15 | 70 | 64.18 | 63 | 64.26 | **65** | 64 | 63 | 62 | 61 | 65 | 65 |
| | | 1.2.2 Availability Factor | % | 12 | 82 | 82.02 | 79 | 90.69 | **82** | 81 | 80 | 79 | 78 | 82 | 82 |
| | | 1.2.3 Auxiliary Consumption | % | 10 | 5.0 | 4.67 | 5.0 | 4.41 | **4.4** | 4.5 | 4.6 | 4.7 | 4.8 | 4.4 | 4.4 |
| | | 1.2.4 Heat Rate (Net) | KJ/KWh | 8 | 10,500 | 10,333 | 10,000 | 9100 | **9,300** | 9,350 | 9,400 | 9,450 | 9,500 | 9,700 | 9,800 |
| 2. Development of institutional efficiency(financial ) | 2.1 Improvement of institutional efficiency(financial ) | 2.1.1 Percentage of Tenders Re-tendered | % | 2 | 3 | 3.10 | 2 | 1.89 | **3.0** | 3.1 | 3.2 | 3.3 | 3.4 | 3 | 3 |
| | | 2.1.2 Current Ratio | Ratio | 3 | 2:1 | 1.59:1 | 2:1 | 1.50:1 | **2:1** | 1.9:1 | 1.8:1 | 1.7:1 | 1.6:1 | 1.50:1 | 1.50:1 |
| | | 2.1.3 Quick Ratio | Ratio | 3 | 1:1 | 1.39:1 | 1.5:1 | 1.31:1 | **1.5:1** | 1.45:1 | 1.40:1 | 1.35:1 | 1.30:1 | 1.:1 | 1.:1 |
| | | 2.1.4 Debt Service Coverage Ratio (DSCR) | Ratio | 4 | 1.3:1 | 1.27:1 | 1.30:1 | 1.30:1 | **1.30:1** | 1.2:1 | 1.10:1 | 1:1 | 0.9:1 | 1.30:1 | 1.30:1 |
| | | 2.1.5 DSL Payment to the Government | Crore Taka | 6 | Current+10 % of Arrear | 34.96 | Current+10 % of Arrear | 63.2 | **Current+10 % of Arrear** | Current+8 % of Arrear | Current+6% of Arrear | Current+4% of Arrear | Current+2 % of Arrear | Current+10 % of Arrear | Current+10 % of Arrear |
| 3. Enhance of institutional capacity | 3. 1 Enhancement of Institutional capacity | 3.1.1 Implementation of ADP (Financial) (Own Financing, ECA & Others) | % | 5 | 100 | 90.54 | 100 | 60.46 | **100** | 90 | 80 | 70 | 60 | 100 | 100 |
| | 3.2 Ensure transparency in procurement. | 3.1.2 E-GP tendering (all local below 100 crore)which is applicable | % | 4 | N.I | - | 100 | 96.30 | **100** | 90 | 80 | 70 | 60 | 80 | 80 |
| | | 3.1.4 Issuance of Bond | Tk Crore | 5 | | | | | **500** | 450 | 400 | 350 | 300 | 500 | 500 |
| | | | | 75 | | | | | | | | | | | |

# দপ্তর/সংস্থার আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ, ২০১৮-১৯

পরিশিষ্ট-চ

## (মোট নম্বর- ২৫)

| কলাম-১ | কলাম-২ | কলাম-৩ | কলাম-৪ | | কলাম-৫ | কলাম-৬ | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সুচক (Performance Indicator) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicator) | লক্ষ্যমাত্রার মান -২০১৮-১৯ | | | | |
| | | | | | | অসাধারণ (Excellent) ১০০% | অতি উত্তম (Very Good) ৯০% | উত্তম (Good) ৮০% | চলতি মান (Fair) ৭০% | চলতিমানের নিম্নে (Poor) ৬০% |
| বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন জোরদারকরণ | ৩ | মাঠ পর্যায়ের কার্যালয়ের সঙ্গে ২০১৮-১৯ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষর ও ওয়েবসাইটে আপলোড | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত | তারিখ | ০.৫ | ২০ জুন, ২০১৮ | ২১ জুন, ২০১৮ | ২৪ জুন, ২০১৮ | - | - |
| | | ২০১৮-১৯ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অর্ধ-বার্ষিক মূল্যায়ন প্রতিবেদন সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগে দাখিল | মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত | তারিখ | ০.৫ | ১৭ জানুয়ারি, ২০১৯ | ২০ জানুয়ারি, ২০১৯ | ২১ জানুয়ারি, ২০১৯ | ২২ জানুয়ারি, ২০১৯ | ২৩ জানুয়ারি, ২০১৯ |
| | | মাঠ পর্যায়ের কার্যালয়ের ২০১৮-১৯ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন পর্যালোচনান্তে ফলাবর্তক (feedback) মন্ত্রণালয়/বিভাগে | ফলাবর্তক (feedback) প্রদত্ত | তারিখ | ১ | ২৪ জানুয়ারি, ২০১৯ | ৩১ জানুয়ারি, ২০১৯ | ০৪ ফেব্রুয়ারি, ২০১৯ | ০৮ ফেব্রুয়ারি, ২০১৯ | ১১ ফেব্রুয়ারি, ২০১৯ |
| | | সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা পদ্ধতিসহ অন্যান্য বিষয়ে কর্মকর্তা/কর্মচারীদের জন্য প্রশিক্ষণ আয়োজন | আয়োজিত প্রশিক্ষণের সময় | জনঘণ্টা * | ১ | ৬০ | - | - | - | - |
| কার্যপদ্ধতি, কর্মপরিবেশ ও সেবার মানোন্নয়ন | ১০ | ই-ফাইলিং পদ্ধতি বাস্তবায়ন | ফ্রন্ট ডেস্কের মাধ্যমে গৃহীত ডাক ই-ফাইলিং সিস্টেমে আপলোডকৃত | % | ১ | ৮০ | ৭০ | ৬০ | ৫৫ | ৫০ |
| | | | ই-ফাইলে নথি নিস্পত্তিকৃত ** | % | ১ | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ |
| | | | ই-ফাইলে পত্র জারীকৃত *** | % | ১ | ৪০ | ৩৫ | ৩০ | ২৫ | ২০ |
| | | দপ্তর/সংস্থা কর্তৃক অনলাইন সেবা চালু করা | ন্যূনতম একটি নতুন ই-সার্ভিস চালুকৃত | তারিখ | ১ | ১০ জানুয়ারি, ২০১৯ | ২৪ জানুয়ারি, ২০১৯ | ২৮ জানুয়ারি, ২০১৯ | ৩১ মার্চ, ২০১৯ | ৩০ এপ্রিল, ২০১৯ |
| | | দপ্তর/সংস্থা ও অধীনস্ত কার্যালয়সমূহের উদ্ভাবনী উদ্যোগ ও ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প (SIP) বাস্তবায়ন | উদ্ভাবনী উদ্যোগ ও ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প (SIP) সমূহের হালনাগাদকৃত ডাটাবেইজ ওয়েবসাইটে প্রকাশিত | তারিখ | ১ | ০৩ ফেব্রুয়ারি, ২০১৯ | ১১ ফেব্রুয়ারি, ২০১৯ | ১৮ ফেব্রুয়ারি, ২০১৯ | ২৫ ফেব্রুয়ারি, ২০১৯ | ০৪ মার্চ, ২০১৯ |
| | | | ডাটাবেজ অনুযায়ী ন্যূনতম দুটি নতুন উদ্ভাবনী উদ্যোগ/ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প চালুকৃত | তারিখ | ১ | ০৮ এপ্রিল, ২০১৯ | ২২ এপ্রিল, ২০১৯ | ০২ মে, ২০১৯ | ১৬ মে, ২০১৯ | ৩০ মে, ২০১৯ |
| | | সিটিজেন্স চার্টার বাস্তবায়ন | হালনাগাদকৃত সিটিজেন্স চার্টার অনুযায়ী প্রদত্ত সেবা | % | ১ | ৮০ | ৭৫ | ৭০ | ৬০ | ৫০ |

| কলাম-১ | কলাম-২ | কলাম-৩ | কলাম-৪ | | কলাম-৫ | কলাম-৬ | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সুচক (Performance Indicator) | একক (Unit) | কর্মসম্পাদন সুচকের মান (Weight of Performance Indicator) | লক্ষ্যমাত্রার মান -২০১৮-১৯ | | | | |
| | | | | | | অসাধারণ (Excellent) ১০০% | অতি উত্তম (Very Good) ৯০% | উত্তম (Good) ৮০% | চলতি মান (Fair) ৭০% | চলতিমানের নিম্নে (Poor) ৬০% |
| | | | সেবাগ্রহীতাদের মতামত পরিবীক্ষণ ব্যবস্থা চালুকৃত | তারিখ | ০.৫ | ৩১ ডিসেম্বর, ২০১৮ | ১৫ জানুয়ারি, ২০১৯ | ০৭ ফেব্রুয়ারি, ২০১৯ | ১৭ ফেব্রুয়ারি, ২০১৯ | ২৮ ফেব্রুয়ারি, ২০১৯ |
| | | অভিযোগ প্রতিকার ব্যবস্থা বাস্তবায়ন | নির্দিষ্ট সময়ের মধ্যে অভিযোগ নিস্পত্তিকৃত | % | ০.৫ | ৭৫ | ৭০ | ৬৫ | ৬০ | ৫০ |
| | | পিআরএল শুরুর ২ মাস পূর্বে সংশ্লিষ্ট কর্মচারীর পিআরএল ও ছুটি নগদায়নপত্র জারি করা | পিআরএল আদেশ জারিকৃত | % | ১ | ১০০ | ৯০ | ৮০ | - | - |
| | | | ছুটি নগদায়নপত্র জারিকৃত | % | ১ | ১০০ | ৯০ | ৮০ | - | - |
| আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন | ৯ | অডিট আপত্তি নিস্পত্তি কার্যক্রমের উন্নয়ন | ত্রিপক্ষীয় সভায় অডিট আপত্তি নিস্পত্তির জন্য সুপারিশকৃত | % | ১ | ৬০ | ৫৫ | ৫০ | ৪৫ | ৪০ |
| | | | অডিট আপত্তি নিস্পত্তিকৃত | % | ১ | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ |
| | | স্থাবর ও অস্থাবর সম্পত্তির হালনাগাদ তালিকা প্রস্তুত করা | স্থাবর সম্পত্তির তালিকা হালনাগাদকৃত | তারিখ | ১ | ০৩ ফেব্রুয়ারি, ২০১৯ | ১১ ফেব্রুয়ারি, ২০১৯ | ১৮ ফেব্রুয়ারি, ২০১৯ | ২৫ ফেব্রুয়ারি, ২০১৯ | ০৪ মার্চ, ২০১৯ |
| | | | অস্থাবর সম্পত্তির তালিকা হালনাগাদকৃত | তারিখ | ১ | ০৩ ফেব্রুয়ারি, ২০১৯ | ১১ ফেব্রুয়ারি, ২০১৯ | ১৮ ফেব্রুয়ারি, ২০১৯ | ২৫ ফেব্রুয়ারি, ২০১৯ | ০৪ মার্চ, ২০১৯ |
| | | বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন | বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়িত | % | ২ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ |
| | | অব্যবহৃত/অকেজো যানবাহন বিদ্যমান নীতিমালা অনুযায়ী নিস্পত্তিকরণ | নিস্পত্তিকৃত | তারিখ | ১ | ৮০ | ৭৫ | ৭০ | ৬০ | ৫০ |
| | | বকেয়া বিদ্যুৎ বিল পরিশোধ করা | বিদ্যুৎ বিল পরিশোধিত | % | ১ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ |
| | | শূন্য পদের বিপরীতে নিয়োগ প্রদান | নিয়োগ প্রদানকৃত | সংখ্যা | ১ | ৮০ | ৭০ | ৬০ | ৫০ | ৪০ |
| জাতীয় শুদ্ধাচার কৌশল ও তথ্য অধিকার বাস্তবায়ন জোরদারকরণ | ৩ | জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা ও পরিবীক্ষণ কাঠামো বাস্তবায়ন **** | ত্রৈমাসিক প্রতিবেদন দাখিলকৃত | সংখ্যা | ১ | ৪ | ৩ | - | - | - |
| | | | জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা ও পরিবীক্ষণ কাঠামোয় অন্তর্ভুক্ত লক্ষ্যমাত্রা বাস্তবায়িত | % | ০.৫ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ |
| | | তথ্য বাতায়ন হালনাগাদকরণ | সকল অনলাইন সেবা তথ্য বাতায়নে সংযোজিত | % | ০.৫ | ১০০ | ৯০ | ৮০ | - | - |
| | | | তথ্য বাতায়ন হালনাগাদকৃত | % | ০.৫ | ১০০ | ৯০ | ৮০ | - | - |
| | | দপ্তর/সংস্থার ২০১৭-১৮ অর্থবছরের বার্ষিক প্রতিবেদন প্রণয়ন ও ওয়েবসাইটে প্রকাশ | বার্ষিক প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশিত | তারিখ | ০.৫ | ১৮ অক্টোবর, ২০১৮ | ৩১ অক্টোবর, | ১৫ নভেম্বর, | ২৯ নভেম্বর, | ০৬ ডিসেম্বর, ২০১৮ |

আমি, ব্যবস্থাপনা পরিচালক, আশুগঞ্জ পাওয়ার স্টেশন কোম্পানী লিমিটেড, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় মন্ত্রী, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়- এর প্রতিনিধি সচিব, বিদ্যুৎ বিভাগ, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়- এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি,সচিব, বিদ্যুৎ বিভাগ, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় মন্ত্রী, বিদ্যুৎ,জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়- এর প্রতিনিধি হিসাবে ব্যবস্থাপনা পরিচালক, আশুগঞ্জ পাওয়ার স্টেশন কোম্পানী লিমিটেড- এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিতঃ

.............................................................. ......................................

ব্যবস্থাপনা পরিচালক — তারিখ

আশুগঞ্জ পাওয়ার স্টেশন কোম্পানী লিমিটেড

.............................................................. ......................................

সচিব — তারিখ: ১৮/৬/১৮

বিদ্যুৎ বিভাগ, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়

# শব্দসংক্ষেপ
# (Acronyms)

| | |
|---|---|
| এপিএসসিএল | আশুগঞ্জ পাওয়ার স্টেশন কোম্পানী লিমিটেড |
| COD | Commercial Operation Date |
| এমওডি | মান্থলি অপারেশন ডাটা |
| এফ.এস. | ফিজিবিল্যাটি স্টাডি |
| ই.আই.এ. | এনভারনমেন্টাল ইমপ্যাক্ট এসেসমেন্ট |
| এস.আই.এ. | সোশ্যাল ইমপ্যাক্ট এসেসমেন্ট |
| ডি.আই.এ. | ডিজেস্টার ইমপ্যাক্ট এসেসমেন্ট |
| মেঃওঃ | মেগাওয়াট |
| কিঃজুল/কিঃওঃ ঘণ্টা | কিলো জুল/কিলোওয়াট ঘণ্টা |
| কেপিআই | কি পারফরমেন্স ইনডিকেটর |
| এম.এম.সি.এফ.ডি. | মিলিয়ন কিউবিক ফিট পার ডে |
| FGMO | Free Governing Mode Operation |
| PPTC | Power Plant Training Centre |
| HRIS | Human Resource Information System |
| OIMS | Operational Information Management System |
| VPN | Virtual Private Network |
| NOA | Notification of Award |
| IEE | Initial Environmental Examination |
| আরপিসিএল | রুরাল পাওয়ার কোম্পানী লিঃ |
| RFP | Request For Proposal |
| EOI | Expression of Interest |
| Mbps | Mega bit per second |
| MoU | Memorandum of Understanding |
| TOR | Term of Reference |

# সংযোজনী-২
## কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী কার্যালয় এবং পরিমাপ পদ্ধতি- এর বিবরণ

| ক্রমিক নম্বর | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | বিবরণ | বাস্তবায়নকারী ইউনিট | পরিমাপ পদ্ধতি এবং উপাত্তসূত্র | সাধারণ মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১. | নতুন বিদ্যুৎ কেন্দ্র স্থাপনের মাধ্যমে বিদ্যুৎ উৎপাদন বৃদ্ধিকরণ | নতুন ক্ষমতা সংযোজন | এপিএসসিএল এর অনুমোদিত প্রকল্পের বিপরীতে নতুন বিদ্যুৎ কেন্দ্র স্থাপনের মাধ্যমে বিদ্যুৎ উৎপাদন ক্ষমতা বৃদ্ধি | নির্বাহী পরিচালক (পিএন্ডপি) এর কার্যালয় | এপিএসসিএল এর ওয়েবসাইট, বার্ষিক প্রতিবেদন, মাসিক পরিচালন তথ্য(এমওডি) এবং বিদ্যুৎ বিভাগ ও পাওয়ার সেলে প্রেরিতব্য এপিএ এর বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন। | |
| ২. | বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন | বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়িত | ৪৫০ মেগাওয়াট সিসিপিপি(নর্থ) ও ৪০০ মেগাওয়াট সিসিপিপি(ইস্ট) এর অনুকূলে এডিপি এর অর্থ ব্যয় | নির্বাহী পরিচালক (পিএন্ডপি) এর কার্যালয় | | |
| ৩. | বিদ্যুৎ উৎপাদন ব্যবস্থার গুণগত মান উন্নয়ন | প্ল্যান্ট ফ্যাক্টর<br>অ্যাভাইলেবিলিটি ফ্যাক্টর<br>হিটরেট<br>%অক্সিলারী কনজাম্পশান | ২২৫ মেগাওয়াট সিসিপিপি, ৪৫০ মেগাওয়াট সিসিপিপি(সাউথ) ও ৪৫০ মেগাওয়াট সিসিপিপি(নর্থ) এর বিদ্যুৎ উৎপাদনব্যবস্থার গুণগত মান উন্নয়ন | নির্বাহী পরিচালক (পিএন্ডপি) এর কার্যালয় | | |
| | | প্ল্যান্ট ফ্যাক্টর<br>অ্যাভাইলেবিলিটি ফ্যাক্টর<br>হিটরেট<br>%অক্সিলারী কনজাম্পশান | ইউনিট-২,৩,৪,৫ ও গ্যাস ইঞ্জিন পাওয়ার প্ল্যান্ট এর বিদ্যুৎ উৎপাদনব্যবস্থার গুণগত মান উন্নয়ন | নির্বাহী পরিচালক (প্রকৌশল) এর কার্যালয় | | |
| ৪. | ক্রয় পরিকল্পনা ও বাস্তবায়নে দক্ষতা | Percentage of Tender re-tender | ক্রয় প্রক্রিয়ার দীর্ঘসূত্রিতা পরিহারকল্পে রিটেন্ডার যথাসম্ভব নগন্য অংকে সীমাবদ্ধ রাখতে সচেষ্ট থাকা। | নির্বাহী পরিচালক (প্রকৌশল) এর কার্যালয় | | |
| | | e-GP tendering (All Local below 100 Crore) | ক্রয় প্রক্রিয়ায় স্বচ্ছতা,জাবদিহিতা ও অবাধ প্রতিযোগিতা নিশ্চিত করতে ই-জিপি সফল করা | | | |
| ৫. | মাঠ পর্যায়ের কার্যালয়ের সঙ্গে ২০১৮-২০১৯ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষর ও ওয়েবসাইটে আপলোড | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন জোরদারকরণ | নির্বাহী পরিচালক (প্রকৌশল) এর কার্যালয় | | |
| | ২০১৮-২০১৯ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অর্ধ-বার্ষিক মূল্যায়ন প্রতিবেদন সংশ্লিষ্ট মন্ত্রনালয়/বিভাগে দাখিল | মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত | | নির্বাহী পরিচালক (প্রকৌশল) এর কার্যালয় | | |
| | মাঠ পর্য়ায়ের কার্যালয়ের ২০১৮-২০১৯ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অর্ধ-বার্ষিক মূল্যায়ন প্রতিবেদন পর্যালোচনান্তে ফলাবর্তক (feedback) মন্ত্রনালয়/বিভাগে প্রদান | ফলাবর্তক (feedback)প্রদত্ত | | নির্বাহী পরিচালক (প্রকৌশল) এর কার্যালয় | | |
| | সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা পদ্ধতিসহ অন্যান্য বিষয়ে কর্মকর্তা/কর্মচারীদের জন্য প্রশিক্ষণ আয়োজন | আয়োজিত প্রশিক্ষণের সময় | | নির্বাহী পরিচালক (প্রকৌশল) এর কার্যালয় | | |

সংযোজনী-২

## কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী কার্যালয় এবং পরিমাপ পদ্ধতি- এর বিবরণ

| ক্রমিক নম্বর | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | বিবরণ | বাস্তবায়নকারী ইউনিট | পরিমাপ পদ্ধতি এবং উপাত্তসূত্র | সাধারণ মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ৬. | Financial Ratio Control | Current Ratio | কার্যপদ্ধতি, কর্মপরিবেশ ও সেবার মানোন্নয়ন,জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন জোরদারকরন, আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন | নির্বাহী পরিচালক (অর্থ) এর কার্যালয় | এপিএসসিএল এর ওয়েবসাইট, বার্ষিক প্রতিবেদন, মাসিক পরিচালন তথ্য(এমওডি) এবং বিদ্যুৎ বিভাগ ও পাওয়ার সেলে প্রেরিতব্য এপিএ এর বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন। | |
| | | Quick Ratio | | | | |
| | | Debt Service Coverage Ratio (DSCR) | | | | |
| | Paying off Liability | DSL Payment to the Government | | | | |
| | অভিযোগ প্রতিকার ব্যবস্থা বাস্তবায়ন | সেবাগ্রহীতাদের মতামত পরিবীক্ষণ ব্যবস্থা চালুকৃত<br>নির্দিষ্ট সময়ের মধ্যে অভিযোগ নিস্পত্তিকৃত | | | | |
| | স্থাবর ও অস্থাবর সম্পত্তির হালনাগাদ তালিকা প্রস্তুত | স্থাবর সম্পত্তির তালিকা হালনাগাদকৃত<br>অস্থাবর সম্পত্তির তালিকা হালনাগাদকৃত | | | | |
| | পিআরএল শুরুর ২ মাস পূর্বে সংশ্লিষ্ট কর্মচারীর পিআরএল ও ছুটি নগদায়নপত্র জারি | পিআরএল শুরুর ২ মাস পূর্বে সংশ্লিষ্ট কর্মচারীর পিআরএল আদেশ জারিকৃত | | | | |
| | | পিআরএল শুরুর ২ মাস পূর্বে সংশ্লিষ্ট কর্মচারীর পিআরএল ছুটি নগদায়নপত্র জারিকৃত | | | | |
| | স্থাবর ও অস্থাবর সম্পত্তির হালনাগাদ তালিকা প্রস্তুত | স্থাবর সম্পত্তির তালিকা হালনাগাদকৃত | | | | |
| | | অস্থাবর সম্পত্তির তালিকা হালনাগাদকৃত | | | | |
| | ই-ফাইলিং পদ্ধতি বাস্তবায়ন | ফ্রন্ট ডেস্কের মাধ্যমে গৃহীত ডাক ই-ফাইলিং সিস্টেমে আপলোডকৃত | | | | |
| | | ই-ফাইলে নথি নিস্পত্তিকৃত | | | | |
| | | ই-ফাইলে পত্র জারীকৃত | | | | |
| | অডিট আপত্তি নিস্পত্তি কার্যক্রমের উন্নয়ন | ত্রিপক্ষীয় সভায় অডিট আপত্তি নিস্পত্তির জন্য সুপারিশকৃত | | | | |
| | | অডিট আপত্তি নিস্পত্তিকৃত | | | | |
| | জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা ও পরিবীক্ষণ কাঠামো বাস্তবায়ন | জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা ও পরিবীক্ষণ কাঠামো বাস্তবায়ন সমইর্কত ত্রৈমাসিক প্রতিবেদন দাখিলকৃত | | | | |
| | | জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা ও পরিবীক্ষণ কাঠামো অন্তর্ভূক্ত লক্ষ্যমাত্রা বাস্তবায়িত | | | | |
| | সিটিজেন্স চার্টার বাস্তবায়ন | হালনাগাদকৃত সিটিজেন্স চার্টার অনুযায়ী প্রদত্ত সেবা | | | | |
| | বকেয়া বিদ্যুৎ বিল পরিশোধ করা | বিদ্যুৎ বিল পরিশোধিত | | | | |
| | শূন্য পদের বিপরীতে নিয়োগ প্রদান | নিয়োগ প্রদানকৃত | | | | |
| | অব্যবহৃত/অকেজো যানবাহন বিদ্যমান নীতিমালা অনুযায়ী নিস্পত্তিকরণ | নিস্পত্তিকৃত | | | | |

## সংযোজনী-২

## কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী কার্যালয় এবং পরিমাপ পদ্ধতি- এর বিবরণ

| ক্রমিক নম্বর | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | বিবরণ | বাস্তবায়নকারী ইউনিট | পরিমাপ পদ্ধতি এবং উপাত্তসূত্র | সাধারণ মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ৭. | তথ্য বাতায়ন হালনাগাদকরণ | সকল অনলাইন সেবা তথ্য বাতায়নে সংযোজিত | অনলাইন সেবা তথ্য বাতায়নে সংযোজিত ও তথ্য বাতায়ন হালনাগাদ এবং বার্ষিক প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশের মাধ্যমে তথ্য অধিকার বাস্তবায়ন জোরদারকরণ | কোম্পানী সচিব এর কার্যালয় | এপিএসসিএল এর ওয়েবসাইট, বার্ষিক প্রতিবেদন, মাসিক পরিচালন তথ্য(এমওডি) এবং বিদ্যুৎ বিভাগ ও পাওয়ার সেলে প্রেরিতব্য এপিএ এর বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন। | |
| | | তথ্য বাতায়ন হালনাগাদকৃত | | | | |
| | সংস্থার ২০১৭-২০১৮ অর্থবছরের বার্ষিক প্রতিবেদন প্রণয়ন ও ওয়েবসাইটে প্রকাশ | বার্ষিক প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশিত | | | | |
| ৮. | সংস্থা কর্তৃক অনলাইন সেবা চালু করা | ন্যূনতম একটি ই-সার্ভিস চালুকৃত | ই-সার্ভিস চালু করে সেবার মানোন্নয়ন | ব্যবস্থাপক (এমআইএস ও আইসিটি) এর কার্যালয় | | |
| | সংস্থা ও অধীনস্ত কার্য়ালয়সমূহের উদ্ভাবনী উদ্যোগ ও ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প (SIP) বাস্তবায়ন | উদ্ভাবনী উদ্যোগ ও ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প (SIP) সমূহের হালনাগাদকৃত ডাটাবেইজ ওয়েবসাইটে প্রকাশিত | উদ্ভাবনী উদ্যোগ ও ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প (SIP) বাস্তবায়ন করে কার্যপদ্ধতি, কর্মপরিবেশ ও সেবার মানোন্নয়ন | | | |
| | | ডাটাবেইজ অনুযায়ী ন্যূনতম দুটি নতুন উদ্ভাবনী উদ্যোগ ও ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প চালুকৃত | | | | |

## সংযোজনী-৩

## কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে অন্য মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থার উপর নির্ভরশীলতা

| প্রতিষ্ঠানের নাম | সংশ্লিষ্টকার্যক্রম | কর্মসম্পাদন সূচক | উক্ত প্রতিষ্ঠানের নিকট চাহিদা/প্রত্যাশা | চাহিদা/প্রত্যাশার যৌক্তিকতা | উক্ত প্রতিষ্ঠানের নিকট প্রত্যাশার মাত্রা | প্রত্যাশাপূরণ না হলে সম্ভাব্য প্রভাব |
|---|---|---|---|---|---|---|
| বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড | চাহিদা অনুযায়ী গ্যাসসরবরাহ | প্ল্যান্ট ফ্যাক্টর | প্রাকৃতিক গ্যাস সরবরাহ | বিদ্যুৎ উৎপাদনের জন্য প্রয়োজনীয় জ্বালানী | ৫৫ এমএমসিএফডি | আশুগঞ্জ ৪৫০ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল পাওয়ার প্ল্যান্ট(সাউথ) এর বিদ্যুৎ উৎপাদন লক্ষ্যমাত্রা অর্জিত হবে না, লোডশেডিং বাড়বে। অধিকন্তু, বৈদেশিক ঋণের কিস্তি পরিশোধ করা দুরূহ হবে। |
| | | | | | ৫৫ এমএমসিএফডি | আশুগঞ্জ ৪৫০ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল পাওয়ার প্ল্যান্ট(নর্থ) এর বিদ্যুৎ উৎপাদন লক্ষ্যমাত্রা অর্জিত হবে না, লোডশেডিং বাড়বে। অধিকন্তু, বৈদেশিক ঋণের কিস্তি পরিশোধ করা দুরূহ হবে। |
| | | | | | ৩৯ এমএমসিএফডি | আশুগঞ্জ ২২৫ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল পাওয়ার প্ল্যান্ট এর বিদ্যুৎ উৎপাদন লক্ষ্যমাত্রা অর্জিত হবে না, লোডশেডিং বাড়বে। অধিকন্তু, বৈদেশিক ঋণের কিস্তি পরিশোধ করা দুরূহ হবে। |
| | | | | | ১০৭ এমএমসিএফডি | আশুগঞ্জ ৩x১৫০মেঃওঃ স্টীম টারবাইন পাওয়ার প্ল্যান্ট এর বিদ্যুৎ উৎপাদন লক্ষ্যমাত্রা অর্জিত হবে না, লোডশেডিং বাড়বে। রাজস্ব আয় কমে যাবে। |
| | | | | | ১২ এমএমসিএফডি | আশুগঞ্জ ১৬x৩.৩৩মেঃওঃ গ্যাস ইঞ্জিন পাওয়ার প্ল্যান্ট এর বিদ্যুৎ উৎপাদন লক্ষ্যমাত্রা অর্জিত হবে না, লোডশেডিং বাড়বে। রাজস্ব আয় কমে যাবে। |
| বিউবো | সময়মত সেলস্ বিল পরিশোধ | ডিএসএল পরিশোধ | সেলস্ বিল পরিশোধ | এপিএসসিএল এর সার্বিক পরিচালন কার্যক্রম এর উপর নির্ভরশীল | সেলস্ বিল দাখিলের ২ মাসের মধ্যে পরিশোধ | সময়মত ডিএসএল ও লোন পরিশোধ বিঘ্নিত হবে। |
| পিজিসিবি | পাওয়ার ইভ্যাকুয়েশন | প্ল্যান্ট ফ্যাক্টর | আশুগঞ্জ ১৩২/২৩০/৪০০ কেভি গ্রীড উপকেন্দ্রের সাথে স্থাপিত ট্রান্সমিশন লাইন সমূহ সচল রাখা। | এনএলডিসি এর চাহিদা ও প্রয়োজনীয় গ্যাস সরবরাহ প্রাপ্তি সাপেক্ষে পূর্ণ ক্ষমতায় FGMO পদ্ধতিতে সকল প্ল্যান্ট পরিচালন | ট্রান্সমিশন লাইন পূর্ণ ক্ষমতায় সচল রাখা। | পাওয়ার ইভ্যাকুয়েশন সঙ্কট এর কারনে লোডশেডিং বৃদ্ধির সম্ভাবনা। এপিএসসিএল এর বিদ্যুৎ উৎপাদন লক্ষ্যমাত্রা অর্জিত হবে না এবং রাজস্ব আয় কম হবে। বাস্তবায়িত প্রকল্পসমূহের বিপরীতে গৃহীত বৈদেশিক ঋণের কিস্তি পরিশোধ করা দুরূহ হবে। |
| পরিকল্পনা মন্ত্রনালয়/সিপিটিইউ | সার্ভার এক্সেস | ই-টেন্ডারিং | তাৎক্ষনিক সার্ভার এক্সেস ও সার্বক্ষনিক "হেল্পডেস্ক" সহায়তা | সার্ভারের নির্বিঘ্ন এক্সেস এর জন্য এর স্পীড বৃদ্ধি ও পোর্টাল ব্যবহারকারীগণের সমস্যা নিরসনের জন্য জন্য সিপিটিইউ এর গাইড আবশ্যক | সিপিটিইউ সার্ভারের সক্ষমতা বৃদ্ধি করতে হবে। সার্বক্ষনিক "হেল্পডেস্ক" গাইডের উপস্থিতি | ই-জিপি টেন্ডারিং কার্যক্রম সফল হবে না, ক্রয় প্রক্রিয়ায় স্বচ্ছতা,জবাবদিহিতা ও অবাধ প্রতিযোগিতা ব্যাহত হবে। |
| বিটিআরসি | ইন্টারনেট সার্ভিস | ই-জিপি টেন্ডারিং বাস্তবায়ন | মাঠ পর্যায়ে সার্বক্ষনিক হাইস্পীড ইন্টারনেট সেবা সম্প্রসারন | ক্রয় কার্যক্রম সার্বক্ষনিক হাইস্পীড ইন্টারনেট সেবা নির্ভর | >১৫০ কেবিপিএস আপলোড ও ডাউনলোড স্পীড | ই-জিপি টেন্ডারিং কার্যক্রমে অংশগ্রহন আশাব্যঞ্জক হবে না। |